



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং- ঢাকা/বি/দঃ/২৩০/ঢাকা/৪২৪

তারিখ: ২৪-০৫-২০২৫ খ্রি.

বিষয়: ওদুদুর রহমান উচ্চ বিদ্যালয়- এর প্রধান শিক্ষক (জোরপূর্বক পদত্যাগকৃত) জনাব মোঃ আব্দুর রাজ্জাক-কে তাঁর প্রাপ্য বেতন-ভাতাদি পরিশোধ প্রসঙ্গে।

- সূত্র: ১. জনাব মোঃ আব্দুর রাজ্জাক, প্রধান শিক্ষক (জোরপূর্বক পদত্যাগকৃত) ১২-০৫-২০২৫ তারিখের আবেদন।
২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধামরাইয়ের পত্র নং- ০৫.৪১.২৬১৪.০০০.০৩.০২৬.১৫ তারিখ: ৩০-০৪-২০২৫ খ্রি.
৩. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.২২.০০১.২৩.১৭৩ তারিখ: ০৮-০৮-২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন ওদুদুর রহমান উচ্চ বিদ্যালয়-এর প্রধান শিক্ষক (জোরপূর্বক পদত্যাগকৃত) জনাব মোঃ আব্দুর রাজ্জাক-কে জোর পূর্বক পদত্যাগের প্রেক্ষিতে সূত্রোক্ত ৩নং পত্রের নির্দেশনা অনুযায়ী আগামী ০৭ (সাত) দিনের মধ্যে স্বপদে পুনর্বহালসহ তাঁর প্রাপ্য বেতন-ভাতাদি পরিশোধ করতঃ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

সভাপতি/প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
ওদুদুর রহমান উচ্চ বিদ্যালয়
ডাকঘর: বালিয়া, থানা: ধামরাই, জেলা: ঢাকা


প্রফেসর কাজী ফয়জুর রহমান
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

মেমো নং- ৪২৪(৬)

তারিখ: ২৪-০৫-২০২৫ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, রমনা, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৩. জেলা প্রশাসক, ঢাকা;
৪. উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা;
৫. জেলা শিক্ষা অফিসার, ঢাকা;
৬. পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. জনাব মোঃ আব্দুর রাজ্জাক, প্রধান শিক্ষক, ওদুদুর রহমান উচ্চ বিদ্যালয়, বালিয়া, ধামরাই, ঢাকা;
৮. অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

